

জাতীয়করণ হলো আরও ৪ মাধ্যমিক স্কুল

সংবাদ : নিজস্ব বার্তা পরিবেশক

| ঢাকা, বৃহস্পতিবার, ১৫ নভেম্বর ২০১৮

জাতীয়করণ হয়েছে আরও চারটি মাধ্যমিক বিদ্যালয়। এ নিয়ে বতমানে দেশে সরকারি মাধ্যমিক বিদ্যালয়ের সংখ্যা দাঁড়ালো ৬৩৯টি।

নতুন চারটি বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় সরকারিকরণ করে গত ১২ নভেম্বর শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ থেকে প্রজ্ঞাপন জারি হয়।

সরকারি হওয়া নতুন চার প্রতিষ্ঠান হলো-পৃষ্ঠগড়ের তেতুলিয়া পাইলট মডেল উচ্চ বিদ্যালয়, রংপুরের বদরগঞ্জ বালিকা উচ্চ বিদ্যালয়, চট্টগ্রামের বোয়ালখালীর কদুরখীল উচ্চ বিদ্যালয় এবং পাবনার সুজানগর পাইলট মডেল উচ্চ বিদ্যালয়। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সিদ্ধান্ত অনুযায়ী, দেশের সকল উপজেলায় সরকারি হাইস্কুল ও কলেজ নেই সেগুলোতে একটি করে বেসরকারি মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ জাতীয়করণ করা হচ্ছে। সেই অনুযায়ী বিভিন্ন সময়ে ত্রুটিহ্যবাহী মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ সরকারিকরণ করা হয়েছে। সরকারি হওয়া এসব প্রতিষ্ঠান থেকে কোন শিক্ষক অন্যত্র

বদাল হতে পারবেন না বলেও প্রজ্ঞাপনে উল্লেখ
করা হয়েছে।